বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

বিষয়ঃ ইনস্টিটিউটের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী
সভাপতিঃ ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক
সভার স্থানঃ মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখঃ ০৩/০২/২০১৯ইং
সময়ঃ বিকাল ৪.০০ ঘটিকা
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

ইনস্টিটিউটের ২০১৮-১৯ অর্থ বছরের ইনোভেশন টিমের মাসিক সভার সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের সদর দপ্তরসহ বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়।

ক্রম নং	কর্মপরিকল্পনার ক্রম	আলোচ্য সূচী	বিস্তারিত আলোচনা	করনীয়
১।	৩.২	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২(দুই) দিনের প্রশিক্ষণ আয়োজন	সিষ্টেম এনালিষ্ট জনাব মোহাম্মদ শহিদ উল্যাহ সভায় জানায় যে, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২(দুই) দিনের প্রশিক্ষণটি মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাস্তবায়ন করার কথা ছিল। পরে মন্ত্রণালয় জানুয়ারী ২০১৯ মাসের সভায় স্ব স্ব সংস্থাকে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এরপর মহাপরিচালক মহোদয় কিভাবে ২(দুই) দিনের প্রশিক্ষণটি কিভাবে সম্পন্ন করা যায় তা জানতে চান। মহাপরিচালক মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন এক্সপার্টদের নিয়ে ২(দুই) দিনের প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য ইনোভেশন টিমের সদস্যরা অভিমত প্রকাশ করেন। এরপর মহাপরিচালক মহোদয় ২(দুই) দিনের প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের সহায়তা চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করেন।	প্রাণিসম্পদ অধিদপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
২।	৫.২	ন্যূনতম ২টি উদ্ভাবনী উদ্যোগে পাইলটিং বাস্তবায়ন	সদরদপ্তরের উদ্ভাবনী উদ্যোগে পাইলটিং সম্পর্কে মহাপরিচালক মহোদয় জানতে জান। জবাবে সদস্য সচিব জানান ই-ইলিশ মোবাইল এ্যাপসটির পাইলটিং সম্পন্ন করার জন্য উদ্ভাবক জনাব আবুল বাশারকে একবার পত্র প্রেরণ করা হয়। এছাড়া ১দিনের কর্মশালায় ও বিষয়টি নিয়ে আলোচনা হলে দ্রুত পাইলটিং সম্পন্ন হবে মর্মে মৌখিকভাবে জানায়। কিন্তু অদ্যবধি সম্পন্ন হয়নি। সভায় পুনরায় পত্র প্রেরণের জন্য মহাপরিচালক মহোদয় অভিমত প্রকাশ করেন।	ই-ইলিশ মোবাইল এ্যাপসটির উদ্ভাবককে পাইলটিং সম্পন্ন করার জন্য পুনরায় পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
৩।	৯.১	উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র ক্রেস্ট প্রদান	মহাপরিচালক মহোদয় উদ্ভাবকদের প্রশংসাসূচক ক্রেস্ট প্রদান করার উপর গুরুত্ব প্রদান করেন এবং ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোহাম্মদ শহিদ উল্যাহকে ক্রেষ্ট প্রস্তুত করতে পরামর্শ দেন।	ইনোভেশন টিমের সদস্য সচিবকে ক্রেষ্ট তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়।
৪।	৯.২	উদ্ভাবকগনের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং/প্রোগ্রামে প্রেরণ	ইনোভেশন কর্মপরিকল্পনায় উদ্ভাবকগনের দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং/প্রোগ্রামে প্রেরণ নামে কার্যক্রম অর্ন্তভুক্ত করা হয়েছে। এই কার্যক্রম বাস্তবায়ন করার জন্য মহাপরিচালক মহোদয় সভায় উপস্থিত সদস্যদের মতামত জানতে চান। জবাবে ইনোভেশন টিমের ইনোভেশন অফিসার জানায় যেহেতু আমরা ২দিনের প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য প্রাণিসম্পদ অধিদপ্তরের সহায়তা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছি তাই প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন এক্সপার্টদের সাথে নলেজ শেয়ার প্রোগ্রাম ও বাস্তবায়নের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে। পরে মহাপরিচালক মহোদয় ও প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন এক্সপার্টদের সাথে নলেজ শেয়ার প্রোগ্রামে বাস্তবায়নের জন্য পত্র প্রেরণের পরামর্শ প্রদান করেন।	প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন এক্সপার্টদের সাথে নলেজ শেয়ার প্রোগ্রামে বাস্তবায়নের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
৫।	৯.৩	উদ্ভাবকগনের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামের প্রেরণ	উদ্ভাবকগনের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামের প্রেরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য মহাপরিচালক মহোদয় মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক মহোদয় জানান আলাদাভাবে না করে মন্ত্রণালয়ের নেতৃত্বে একসাথে করলে ভাল হবে। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ মহাপরিচালকের সাথে সহমত পোষণ করেন।	উদ্ভাবকগনের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামের প্রেরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য

				মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
৬।	১১.১	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর	সদস্য সচিব জানায় মন্ত্রণালয়ের জানুয়ারী ২০১৯ মাসের ইনোভেশন সভায় এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, কোন প্রতিষ্টান যদি অন্য কোন প্রতিষ্ঠানের সাথে গবেষণার বিষয়ে চুক্তি করে তাহলে উক্ত চুক্তি সমঝোতা স্মারক হিসাবে গণ্য হবে। এইক্ষেত্রে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সাথে গবেষণা বিষয়ে যে সমস্ত প্রতিষ্ঠানের সাথে MoU করা হয়েছে তাদের মধ্য হতে ১টি প্রতিষ্ঠানের নাম করে উক্ত কার্যক্রম বাস্তবায়ন হয়েছে মর্মে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য মহাপরিচালক মহোদয় অভিমত প্রকাশ করেন। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ মহাপরিচালকের সাথে সহমত পোষণ করেন।	মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
৭।	১৩.১	ই-সেবা তৈরি ও বাস্তবায়ন করা	মহাপরিচালক মহোদয় উক্ত কার্যক্রমটি কিভাবে বাস্তবায়ন করলে ইনোভেশন হিসাবে অর্ন্তভুক্ত হবে তা ইনোভেশন এক্সপার্টদের সাথে আলোচনা করে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ মহাপরিচালকের সাথে সহমত পোষণ করেন।	ইনোভেশন এক্সপার্টদের সাথে আলোচনা করে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
৮।	১৫.১	ন্যূনতম ০১টি সেবা পদ্ধতি সহজীকরণ ও বাস্তবায়ন	মহাপরিচালক মহোদয় উক্ত কার্যক্রমটিও কিভাবে বাস্তবায়ন করলে ইনোভেশন হিসাবে অর্ন্তভুক্ত হবে তা ইনোভেশন এক্সপার্টদের সাথে আলোচনা করে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।	ইনোভেশন এক্সপার্টদের সাথে আলোচনা করে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।
৯।		সদর দপ্তরের ইনোভেশন টিম পুর্ণগঠন	ইনোভেশন অফিসারের আলোচনার প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় সদর দপ্তরের ইনোভেশন টিম পুর্ণগঠন করার জন্য নথিতে প্রস্তাব প্রেরণের পরামর্শ প্রদান করেন।	সদর দপ্তরের ইনোভেশন টিম পুর্ণগঠন করার জন্য নথিতে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা ড. মাসুদ হোসেন খান র সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নুরুল্লাহ)
পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)
ও ইনোভেশন অফিসার, বামগই, সদর দপ্তর

পত্র নং: ৩৩.০৪.০০০০.১০৫.৭৫.০০২.১৫/
কার্যার্থে ও জ্ঞাথার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)
১। প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি ডিভিশন, আগারগাঁও, ঢাকা
২। যুগ্ম-সচিব (ব্লু ইকোনমী), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩। উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪। পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৫। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৬। ড. মোঃ শাহা আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ
৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি।

(মোহাম্মদ শহিদ উল্যাহ)
সিষ্টেম এনালিষ্ট
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম, বামগই, সদর দপ্তর